# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩৭৫

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৮. উযুর অবশিষ্ট পানি এবং উযুর সময় পানি দিয়ে সম্পূর্ণ পা ধৌত করার বর্ণনা

بَابُ مَا رُوِيَ فِي فَضْلِ الْوُضُوءِ ، وَاسْتِيعَابِ جَمِيعِ الْقَدَمِ فِي الْوُضُوءِ بِالْمَاءِ

## আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا أَحْمَدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ وَهْبٍ ، نَا عَمِّي ، نَا جَرِيرُ بْنُ حَازِمٍ ؛ أَنَّهُ سَمِعَ قَتَادَةَ بْنَ دِعَامَةَ ، قَالَ : نَا أَنَسُ بْنُ مَالِكٍ ؛ أَنَّ رَجُلًا جَاءَ إِلَى رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ قَدْ تَوَضَّأَ وَتَرَكَ عَلَى قَدَمَيْهِ مِثْلَ الظُّفُرِ ، فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " ارْجِعْ فَأَحْسِنْ وُضُوءَكَ " . تَفَرَّدَ بِهِ جَرِيرُ بْنُ حَازِمٍ ، عَنْ قَتَادَةَ ، وَهُوَ ثِقَةٌ ،

## বাংলা

৩৭৫(৫). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। এক ব্যক্তি উযু করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলো, কিন্তু তার উভয় পায়ের নখ পরিমাণ জায়গায় পানি পৌঁছায়নি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেন, তুমি ফিরে গিয়ে পুনরায় উত্তমরূপে উযু করো। জারীর ইবনে হাযেম (রহঃ) কাতাদা (রহঃ) থেকে এককভাবে এই হাদীস বর্ণনা করেছেন এবং তিনি হাদীসশাস্ত্রে নির্ভরযোগ্য।

## ফুটনোট

* ইমাম আবু দাউদ ও ইবনে মাজা (রহঃ) এই হাদীস জারীর ইবনে হাযেম (রহঃ)-এর সূত্রে বর্ণনা করেছেন। ইমাম আবু দাউদ (রহঃ) খালিদ ইবনে মাদান-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কতক সাহাবা (রাঃ) সূত্রেও অনুরূপ বর্ণনা করেছেন। বায়হাকী (রহঃ) বলেন, হাদীসটি মুরসাল। ইবনুল কাত্তানও তাই বলেন। আল-আসরাম বলেন, আমি আহমাদ (রহঃ)-কে বললাম, এই সনদসূত্র কি উত্তম? তিনি বলেন, হ্যাঁ। আমি তাকে পুনরায় জিজ্ঞেস করলাম, যদি কোন তাবিঈ বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একজন সাহাবী আমার নিকট হাদীস বর্ণনা করেছেন অথচ তিনি তার নাম বলেননি, সেই হাদীস কি সহীহ? তিনি বলেন, হ্যাঁ। এই হাদীসের সনদে রাবী বাকিয়্যার কারণে আল-মুনযিরী এটাকে ত্রুটিপূর্ণ বলেছেন। তিনি বাহীর-এর সূত্রে বলেছেন, বাকিয়্যা

তার শায়খের নাম গোপন করে তার উপরস্থ শায়খ থেকে হাদীস বর্ণনা (তাদলীস) করার দোষে দুষ্ট।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80164

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন